

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/২৯ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর-১০৫-আইন/২০২৪।—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, ১৮ জানুয়ারি, ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর-১৪-আইন/২০২৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম ১ এর-

(ক) ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১ ও এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ ১। বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র) ১৫.৫০ ”;

(খ) ক্রমিক নং ২ এর বিপরীতে কলাম (২) এর দফা (ক) এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ দফা (ক) ও এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ (ক) ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র) ৩১.৫০ ”

২। এই প্রজ্ঞাপনের অধীন প্রাকৃতিক গ্যাসের ভোল্টা পর্যায়ের গ্যাসের পুনর্নির্ধারিত মূল্যহার বিল মাস মে, ২০২৪ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন

উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১১০৫৭ )

মূল্য : টাকা ৪.০০